

স্বাক্ষরিত
৪/১২/১৭
১৫৫-২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ বেতার
সদর দপ্তর
৩১, সৈয়দ মাহবুব মোর্শেদ সরণী
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।
website: www.betar.gov.bd

নং- ১৫.৫৩.০০০০.০১২.৩১.৬৬৬.১৭- ১৫৫

তারিখ: ০৬/১২/১৭

সচিব
তথ্য মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।


বিষয় : বাংলাদেশ বেতার, পরিকল্পনা শাখা, ঢাকার স্টেশন প্রকৌশলী জনাব খন্দকার গোলাম মহিউদ্দিন এর অবসর উত্তর ছুটিসহ ১৮ মাসের লাম্প গ্র্যান্ট মঞ্জুরী প্রসঙ্গে।

পরিকল্পনা শাখা, বাংলাদেশ বেতার ঢাকার স্টেশন প্রকৌশলী জনাব মোঃ খন্দকার গোলাম মহিউদ্দিন এর জন্ম তারিখ ০৫-০১-১৯৫৯ খ্রিঃ। সে হিসাবে আগামী ০৪-০১-২০১৮ খ্রিঃ তারিখে তাঁর বয়স ৫৯ (উনষাট) বৎসর পূর্ণ হবে। বিধায় তিনি অবসর উত্তর ছুটিসহ ১৮ (আঠার) মাসের ছুটির পরিবর্তে লাম্প এয়াউন্ট মঞ্জুরী চেয়ে আবেদন করেছেন। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, তথ্য মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা কর্তৃক প্রদত্ত ছুটি প্রাপ্যতার সনদপত্র অনুযায়ী সংশ্লিষ্ট কর্মকর্তার ছুটির হিসাবে ০২ বৎসর ০৬ মাস ২৬ দিন পূর্ণ গড় বেতনে এবং ০২ বৎসর ০৮ মাস ১২ দিন অর্ধগড় বেতনে অর্জিত ছুটি পাওনা আছেন। অনলাইন থেকে প্রাপ্ত তার মূল বেতন ৫৬,০৩০/- (ছাপান্ন হাজার ত্রিশ) টাকা মাত্র (কপি সংযুক্ত)। এ প্রেক্ষিতে তিনি বিধি মোতাবেক ১৮ (আঠার) মাসের ছুটির পরিবর্তে লাম্প এয়াউন্ট মঞ্জুরীর জন্য আবেদন করেছেন।

২। এমতাবস্থায় গণকর্মচারী (অবসর) আইন ১৯৭৪ এর ৪ ধারা এবং অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের প্রবিধি-১ শাখার অগ্র/অবি/প্রবি-১/চাঃবিঃ/৩/৬২ নম্বর প্রজ্ঞাপনের ৪ এ ধারা এবং জাতীয় বেতন স্কেল ২০১৫ এর ১০(২) ধারা মোতাবেক পরিকল্পনা শাখা, বাংলাদেশ বেতার, ঢাকার স্টেশন প্রকৌশলী জনাব খন্দকার গোলাম মহিউদ্দিন-কে ০৪-০১-২০১৮ তারিখ হতে অবসর প্রদান করতঃ ০৫-০১-২০১৮ তারিখ হতে ০৪-০১-২০১৯ তারিখ পর্যন্ত ০১ (এক) বৎসর পূর্ণ গড় বেতনে অবসর উত্তর ছুটিসহ ১৮ (আঠার) মাসের ছুটির পরিবর্তে ৫৬,০৩০/- (ছাপান্ন হাজার ত্রিশ) টাকা মূল বেতনে (৫৬,০৩০ x ১৮) = ১০,০৮,৫৪০/- (দশ লক্ষ আট হাজার পাঁচশত চল্লিশ) টাকা মাত্র লাম্প এয়াউন্ট মঞ্জুরীর অনুরোধ জানিয়ে নিম্নবর্ণিত কাগজপত্রাদি এতদসংঙ্গে প্রেরণ করা হলো :

১। মূল আবেদন পত্র -	:	১ (এক) কপি
২। এস.এস.সি সনদপত্রের সত্যায়িত ছায়ািলিপি -	:	১ (এক) কপি
৩। অনলাইনে প্রাপ্ত মূল বেতনের প্রত্যয়ন পত্র -	:	১ (এক) কপি
৪। ছুটি প্রাপ্যতার সনদপত্রের মূল কপি -	:	১ (এক) কপি
৫। কোর্ট কেইস/বিভাগীয় মামলা নেই মর্মে প্রত্যয়ন পত্র -	:	১ (এক) কপি
৬। প্রথম নিয়োগ ও চাকুরিতে যোগদান পত্রের সত্যায়িত অনুলিপি -	:	১ (এক) কপি
৭। চাকরির বিবরণী -	:	১ (এক) কপি
৮। জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ছায়ািলিপি -	:	১ (এক) কপি

সংযুক্ত : যথাবর্ণিত।


৩১.১২.১৭

নারায়ণ চন্দ্র শীল
মহাপরিচালক
টেলিফোন : ৪৪৮১৩০৬২